

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
জনসংযোগ শাখা
আগারগাঁও, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, মঙ্গলবার, ১৮ জুলাই


গতকাল ১৭ জুলাই একাদশ জাতীয় সংসদের ঢাকা ১৭ আসনের উপনির্বাচন সহ ৭ টি পৌরসভা ও ৬৬ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। পৌরসভা গুলো হচ্ছে পিরোজপুর জেলার ভান্ডারিয়া, চাঁদপুর জেলার ছেংগারচর, কুমিল্লা জেলার দেবিদ্বার, যশোর জেলার বেনাপোল, চট্টগ্রাম জেলার দোহাজারী, শরীয়তপুর জেলার গোসাইরহাট এবং সিরাজগঞ্জ জেলার তাড়াশ পৌরসভা।

নির্বাচন কমিশন সচিবালয়ের মিলনায়তনে সিসিটিভি কন্ট্রোল রুমে ঢাকা-১৭ আসনের পাশাপাশি ইভিএমের মাধ্যমে অনুষ্ঠিত পিরোজপুর জেলার ভান্ডারিয়া ও যশোর জেলার বেনাপোল পৌরসভা নির্বাচন মনিটরিং করা হয়।

সকাল থেকেই প্রধান নির্বাচন কমিশনার, অন্যান্য কমিশনার সহ নির্বাচন কমিশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ কন্ট্রোল রুমে উপস্থিত থেকে নির্বাচন পর্যবেক্ষণ করেন।

গতকালের নির্বাচনে পৌরসভা ও ইউনিয়ন পরিষদের প্রত্যেকটিতে সুষ্ঠু ও সুন্দরভাবে ভোট অনুষ্ঠিত হয়। কোথাও কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। শুধুমাত্র পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলায় ভোট গ্রহণের আগে সিসিটিভি এর সাথে সংযুক্ত তার সংযোগ বিচ্ছিন্ন করে ফেলায় তাৎক্ষণিক মেরামত করে সুষ্ঠু সুন্দরভাবে ভোট গ্রহণ পর্যবেক্ষণ করা হয়। প্রত্যেকটা পৌরসভা ও ইউনিয়নে যথেষ্ট ভোটের উপস্থিতি লক্ষ্য করা যায়। পৌরসভাগুলোতে ৫৮-৮২ শতাংশ ভোট পড়েছে এবং গড় ভোট প্রদানের হার ৬৮.৬৬ শতাংশ। ইউনিয়ন পরিষদের ভোট প্রদানের গড় হার ৭১.৫৩ শতাংশ।

ঢাকা ১৭ আসনের উপনির্বাচন মোটামুটি সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হয়। কেবলমাত্র ভোট গ্রহণের শেষ পর্যায়ে এসে স্বতন্ত্রপ্রার্থী আশরাফুল আলম ওরফে হিরো আলমের উপর হামলার ঘটনা ঘটে। বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত তথ্য জানা যায় তিনি বেশ কিছু ইউটিউবার সহ কেন্দ্রে প্রবেশ করতে গেলে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাকে বাধা প্রদান করেন এবং নিরাপত্তার সাথে কেন্দ্রের বাহিরে তাকে পৌছে দিতে সাহায্য করেন। পরবর্তীতে কেন্দ্রের বাহিরে কিছু ব্যক্তির সাথে এ নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে কে বা কারা তার উপর আক্রমণ চালায়। উপনির্বাচনে ভোটের উপস্থিতি কম ছিল এবং ভোটের হার ১১.৫১ শতাংশ।


মো: শরিফুল আলম
পরিচালক (জনসংযোগ)
নির্বাচন কমিশন সচিবালয়।
০২-৫৫০০৭৫২০